[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কঠোর ব্যবস্থা নেব। তিনি আরো বলেন চাষীদের সর্বাত্মক সহযোগিতা করতে হবে।

জেলা খাদ্য নিয়ন্ত্রক রেজাউল ইসলাম জানান সরকার চলতি মৌসুমে চুয়াডাঙ্গা চার উপজেলা থেকে মোট ৪ হাজার ৭৯৬ মেট্রিক টন ধান সংগ্রহের লক্ষমাত্রা নির্ধারণ করেছেন। চলতি মৌসুমে বোরো ধান ক্রয়ের জন্য সরকার নির্ধারিত মূল্য তালিকা অনুযায়ী প্রতি কেজি ধান ২৭ টাকা। আগামী ২৮ এপ্রিল থেকে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত এই ধান সংগ্রহ চলবে।

তিনি আরও জানান, এবার জেলায় সরকার ৭ হাজার ৬৮২ মেট্রিক টন চাল উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন। মঙ্গলবার আলোচনার মাধ্যমে চাল ক্রয় কবে নাগাদ শুরু এই সিদ্ধান্ত হবে। এবার সিদ্ধ চাল ৪০ টাকা এবং আতপ চাল ৩৯ টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে।

ঝিনাইদহে কৃষকের ধান কেটে দিলো জেলা ছাত্রলীগ

ঝিনাইদহ পৌরসভার ৯ নং ওয়ার্ডের মুরারীদহ গ্রামের গরীব কৃষকদের ২ বিঘা ধান কেটে দিলেন ঝিনাইদহ জেলা ছাত্রলীগ নেতৃবৃন্দ।

ছাত্রলীগ নেতৃবৃন্দ গত রবিবার সকালে প্রচন্ড তাপদাহ উপেক্ষা করে রোজা থাকা অবস্থায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে ধান কাটায় অংশগ্রহণ করেন।

উক্ত কর্মসূচির বাস্তবায়ন করেন ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সংগ্রামী সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল এবং ঝিনাইদহ জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ।

নাটোরে মহান মে দিবস পালিত

জাতীয়,দলীয় পতাকা উত্তোলন ও বঙ্গবন্ধুর প্রতকিৃতিতে পূষ্পর্ঘ অর্পন এবং দোয়ার মধ্যে দিয়ে নাটোরে মহান মে দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে আজ শনিবার বেলা ১১টার দিকে শহরের কান্দিভিটাস্থ জেলা আওয়ামী লীগের অস্থায়ী কার্যলয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে সূচনা করেন। পরে তারা সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পূষ্পর্ঘ অর্পন ও দোয়া করেন।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক সৈয়দ মুর্ত্তোজা আলী বাবলু,জেলা শ্রমিক লীগের সভাপতি মঈনুল ইসলাম,সাধারন সম্পাদক আব্দুর রহিম সহ দলীয় নেতা- কর্মিরা।

কুষ্টিয়ায় কৃষকের ধান কেটে দিল তাঁতীলীগ

কঠোর বিধিনিষেধে শ্রমিক ও অর্থ সংকটের কারণে জমির পাকা ধান কাটতে পারছিলেন না কুষ্টিয়ার কয়েকজন কৃষক। ক্ষেতেই ধান নষ্ট হওয়ার উপক্রম হচ্ছিল। খবর পেয়ে কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন ও সাধারণ সম্পাদক হারুন অর রশীদ সেখানে ছুটে যান।

জেলা তাঁতী লীগের ২০ জন নেতাকর্মী নিয়ে শুক্রবার সকালে ক্ষেতের ধান কেটে মাড়াই করে দেওয়া হয়।

হঠাৎ করেই তাঁতী লীগ নেতাকর্মীদের কৃষকের ক্ষেতের ধান কাটতে দেখে প্রশংসায় ভাসাচ্ছেন সচেতন মহলসহ স্থানীয়রা।

সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান গ্রামের কৃষক ফরজ আলীর দেড় বিঘা জমির ধানকাটা কার্যক্রমে অংশগ্রহণ করেন তাঁরা।

কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে করোনাকালীন সময়ে দলীয়

নেতাকর্মীদের কৃষকদের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন কেন্দ্রীয় তাঁতী লীগ। সেই আহ্বানে সাড়া দিয়ে কুষ্টিয়া জেলায় দল বেঁধে ধান কেটে কৃষকের ঘরে তুলে দিলাম।

কৃষক ফরজ আলী জানান, নিজের দেড় বিঘা জমিতে শ্রমিক দিয়ে ধান কাটাবো কিন্তু সে অবস্থা আমার ছিলো না। ছেলে মেয়ে নাতি নাতনি নিয়ে সংসার আমার। কষ্ট করে ধানের আবাদ করেছি। যাতে করে সারা বছর এ ধান থেকে চাল করে ভাত খেতে পারি। কিন্তু করোনাকালীন সময়ে অর্থনৈতিক দৈন্যদশার কারনে ধান কাটতে পারিনি। আজকে তাঁতী লীগের নেতাকর্মীরা আমার জমির ধান কেটে দেওয়ায় আমি ভীষণ খুশী।

এসময় জেলা তাঁতী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বিপুল হোসেন, সাংগঠনিক সম্পাদক মমিনুল ইসলাম বকুল, উপ-দপ্তর সম্পাদক হাশেম আলী খান, সদস্য হেলাল উদ্দিন, মিরপুর উপজেলা তাঁতী লীগের সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক জুয়েল আলীসহ বিভিন্ন পযার্য়ের নেতাকর্মীরা এ ধানকাটা কার্যক্রমে অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

করোনাকালীন সময়ে কর্মহীন মানুষের কষ্ট লাঘবে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার মানবিক সহায়তা কার্যক্রমের কর্মহীন দুঃস্থ, অসহায় দরিদ্র এবং ভাসমান মানুষের মাঝে ধারাবাহিক মানবিক সহায়তা বিতরণ করা হচ্ছে প্রতিটি জেলায় তার ন্যায় চুয়াডাঙ্গা তে আজ দুস্থ শিল্পীদের মাঝে এই উপহার সামগ্রী বিতরণ করা হয়।

আজ শুক্রবার বেলা সাড়ে চারটার সময় অসহায় নরসুন্দর এবং দুস্থ শিল্পীদের মাঝে ত্রাণ বিতরণ করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।
এ সময় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী প্রতিটি দুস্থ অস্বচ্ছল পরিবারের কাছে পৌঁছে

যাবে।

তিনি আরো বলেন, সকলকে নিজ নিজ অবস্থান থেকে সতর্ক থাকতে হবে। প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী পর্যায়ক্রমে সকল দুস্থ অসচ্ছল দরিদ্র পরিবারকে দেয়া হবে প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী হিসেবে চাল-১০ কেজি, ডাল (মসুর)-১ কেজি, আলু-২ কেজি, পেঁয়াজ-১ কেজি, সয়াবিন তেল-১ লিটার এবং পবিত্র ঈদ-উল-ফিতর কে সামনে রেখে চিনি -১ কেজি ও ১ প্যাকেট সেমাই এর একটি পুর্নাঙ্গ প্যাকেজ প্রদান করা হয়।

আজ ১৩০ জন নরসুন্দর এবং দুঃস্থ শিল্পীর মাঝে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত এ উপহার সামগ্রী বিতরণ করা হয়।

উপহার সামগ্রী বিতরণ কালে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মুনিরা পারভীন, এনডিসি আমজাদ হোসেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট গণ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সেহেরি বিতরণ

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফের সার্বিক তত্বাবধানে ও চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য গাজী ইমদাদুল হক সজল ও ছাত্রলীগ নেতা ইব্রাহিম শেখ ইমরানের নেতৃত্বে চুয়াডাঙ্গা পৌর শহরের বিভিন্ন স্থানে অবস্থানরত অনাহারে থাকা হতদরিদ্র মানুষের এক বেলা অন্নযোগান দিচ্ছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ।

সম্পূর্ণ রমজান মাস ব্যাপী বিভিন্ন মহৎ এ উদ্যোগ নিয়েছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ এবিং তা বাস্তবায়নও করছে তারা।

এই করোনা মহামারীতে যেসমস্ত অসহায়, অনাহারে থাকা মানুষের দুবেলা খাবার যোগান দেয়া অসম্ভব হয়ে পড়েছে সেখানা সেহেরী বিতরণের মধ্য

দিয়ে সাহায্য করে যাচ্ছেন তারা।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মীরা করোনা মহামারীর প্রথম থেকেই জনসাধারণের জন্য নির্বিঘ্নে কাজ করে যাচ্ছে। যেকোন বিপদে আপদে ছূটে আসছে তারা। তাই এবার সসম্পূর্ণ রমজান মাসে অনাহারে থাকা হতদরিদ্রদের পাশে সেহেরি ও ইফতারি বিতরণ করে আসছে তারা।

ইতোমধ্যে চুয়াডাঙ্গা জেলার সাধারণ জনগণ তা প্রশংসার দাবিদার করছে। চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফ ও চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের ব্যাতীক্রমী উদ্যোগে যেমন মিলছে অনেক অসহায় মানুষের এক বেলার অন্ন ঠিক তেমনি তাদের থেকে পাওয়া দোয়া পাচ্ছেন তারা। তাদের এই কর্মকান্ডকে অসহায় এই মানুষগুলো ভালবাসা হিসেবে গ্রহণ করছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী ও কেন্দ্রীয় ছাত্রলীগের ঘোষণা মোতাবেক এই ধারাবাহিকতা বজায় রেখে চলেছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ।

উক্ত সেহেরী বিতরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ মনিরুজ্জামান শুভ, আকিব জাভেদ, সুমন, হাসান, রাইসুল, অংকন, চন্দন, বিপ্লব, মামুন সহ চুয়াডাঙ্গা পৌর ছাত্রলীগ ও কলেজ ছাত্রলীগ ও বিভিন্ন ইউনিটের নেতা কর্মীরা।

মেহেরপুরে কৃষকের ধান কেটে সহযোগিতার হাত বাড়ালেন যুবলীগ নেতাকর্মীরা

জমিজুড়ে পাকা ধান। উঠবে ফসল। ভরবে গোলা। খুশি আর আনন্দে ভরে উঠবে মন। মেহেরপুর সদর উপজেলাধীন গোভীপুর গ্রামের কৃষক আনারুল ইসলামের দেড় বিঘা জমির ধান কেটে দিয়েছে জেলা যুবলীগ।

শুক্রবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ফরহাদ হোসেন এমপির দিক নির্দেশনায় কৃষকের ধান কেটে দিলেন জেলা যুবলীগের নেতাকর্মীরা।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে কৃষকের ধান কাটায় অংশ গ্রহন করেন সাবেক ছাত্রনেতা ও বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক শফিক কামাল পলাশ, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ারুল ইসলাম আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, সাধারণ সম্পাদক তহিদুল ইসলামসহ নেতার্কমীরা।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল এসময় বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানে সাড়া দিয়ে সারা দেশে আওয়ামী লীগসহ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা বিনা পারিশ্রমিকে অসহায় কৃষকের পাশে দাঁড়িয়েছি। চলমান কর্মসূচির অংশ হিসেবে কেন্দ্রীয় যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের দিক নির্দেশনায় মেহেরপুর যুবলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা কৃষকের পাশে থেকে পাকা ধান ঘরে তুলতে সাহায্য করে চলেছে।

লকডাউনে মৌসুমের পাকা ধান ঘরে তোলা নিয়ে দেশের অনেক স্থানের কৃষকরা আর্থিক ও শ্রমিক সংকটে মধ্যে পড়েন। অন্যান্য বছরে ধান কাটা মৌসুমের শুরুতে, বিভিন্ন অঞ্চল থেকে শ্রমিকরা আসলেও গত দুই বছর করোনার কারণে আসতে পারছে না। ফলে পাকা ধান ঘরে তুলতে নানা জটিলতার মুখোমুখি হচ্ছে চাষিরা।

মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, মোট ২০

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে রেহেনা খাতুন
(৬৩) নামের আরও এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার মাইলমারি গ্রামের বাসিন্দা। তিনি মেহেরপুর সরকারি হাসপাতালে করোনা ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় দুপুর দুইটার সময় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ২০ জনে।

এ দিকে আজ নতুন করে কেউ করোনায় আক্রান্ত হয় নি। জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১৩৮ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৯০৮ টি।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ১৮ টি। এর মধ্যে নতুন করে কোন করোনা রোগী শনাক্ত হয়নি। নমুনা পাঠানো হয়েছে ১৮ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২২(সদরে-০৮, গাংনীতে- ০৯, মুজিবনগরে- ০৫) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৬০১ টি। মৃত্যু- ২০ জন (সদরে- ৯, গাংনীতে- ৯, মুজিবনগরে- ২), সুস্থ্য- ৭৯৮ জন, ট্রান্সফার্ড- ৬৬ জন।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

চুয়াডাঙ্গা সদর থানার উদ্যোগে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান এর নেতৃত্বে চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার ও সচেতনতা মূলক মাইক প্রচার করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে দশটার সময় বৈশ্বিক মহামারী করোনার দ্বিতীয় ধাপ মোকাবেলায় শহীদ হাসান চত্বরে দোকানপাট, শপিংমল, হাট বাজারে আসা ব্যক্তি এবং রাস্তায় চলাচলগামী সাধারণ জনতাকে করোনার ভয়াবহতা ও এর ক্রমবর্ধমান হারে বিস্তার রোধকল্পে সচেতনতা সহ হ্যান্ড স্যানিটাইজার মাক্স ও মাইক প্রচার করা হয়।

এসময় চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান বলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর) সার্কেল মোঃ জাহাঙ্গীর আলম এর নির্দেশনায় এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

তিনি আরোও বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল নির্দেশনা আমাদেরকে মেনে চলতে হবে প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করতে অনুরোধ জানান।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার পুলিশের একটি চৌকস টিম।